মুজিবনগরে শহীদ বুদ্ধিজীবী দিবস পালন উপলক্ষে আলোচনা সভা

জাতির শ্রেষ্ঠ সন্তান শহীদ বুদ্ধিজীবীদের স্মরণে আলোচনা সভা করেছে মুজিবনগর উপজেলা প্রশাসন।

শহীদ বুদ্ধিজীবী দিবস পালন উপলক্ষে আজ বৃহস্পতিবার (১৪ ডিসেম্বর) মুজিবনগর উপজেলা অডিটোরিয়ামে মুজিবনগর নবাগত নির্বাহী অফিসার আজগর আলী সভাপতিত্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: আসাদুজ্জামান, মুজিবনগর উপজেলা সহকারি কমিশনার ভূমি নাজমুস সাদাত রত্ন, মুজিবনগর থানার পুলিশ পরিদর্শক তদন্ত আব্দুল আলিম।

উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোহাম্মদ আলাউদ্দিনের সঞ্চালনায় আরো উপস্থিত ছিলেন, উপজেলা প্রকৌশলী খালিদ হাসান, উপজেলা জনস্বাস্থ্য ও প্রকৌশল কর্মকর্তা জাহাঙ্গীর আলম, উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার মাশরুবা আলম, উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা মিরাজুল ইসলাম, বীর মুক্তিযোদ্ধা হাজী আহসান আলী খানসহ বীর মুক্তিযোদ্ধা উপজেলা পরিষদের কর্মকর্তা কর্মচারী এবং স্কুল কলেজের ছাত্রছাত্রীবৃন্দ অংশগ্রহণ করেন।

গাংনীতে শহীদ বুদ্ধি দিবস পালন উপলক্ষে আলোচনা সভা

গাংনীতে মহান শহীদ বুদ্ধি দিবস পালন উপলক্ষ্যে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার সকাল সাড়ে ১০টার সময় উপজেলা প্রশাসনের সভা কক্ষে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন জেলা আওয়ামী লীগের সাধারন সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এম এ খালেক।

উপজেলা প্রশাসন আয়োজিত নির্বাহি কর্মকর্তা প্রিতম সাহার সভাপতিত্বে বিশেষ অতিথির বক্তব্য রাখেন,উপজেলা সহকারি কমিশনার (ভূমি) নাদির হোসেন শামীম, গাংনী থানার অফিসার ইন্চার্জ (তদন্ত) মনোজিত কুমার নন্দি।

উপজেলা সমবায় কর্মকর্তা মোঃ মাহাবুব মন্টুর সঞ্চালনায় আলোচনা সভায় উপজেলার সকল কর্মকর্তা, সাংবাদিকসহ জনপ্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে বক্তারা যথাযোগ্য মর্যাদায় শহীদদের প্রতি শ্রদ্ধা জানানোর উপর গুরুত্ব আরোপ করেন।

দর্শনায় শত্রুমুক্ত দিবস উপলক্ষে আলোচনা সভা

“একাত্তরের চেতনায় গড়ে উঠুক, উন্নত সমৃদ্ধ সোনার বাংলা” এ প্রতিবাদ্যকে সামনে রেখে দর্শনায় শত্রুমুক্ত দিবস পালন করা হয়েছে। বীর মুক্তিযোদ্ধাদের মিলন মেলায় পরিণত হয় এ দিবস পালনকালে।

আজ সোমবার বিকালে দর্শনা পৌর আওয়ামী লীগের কার্যালয়ে বীর মুক্তিযোদ্ধাদের আয়োজনে শত্রুমুক্ত দিবস পালন ও যুদ্ধকালীন স্মৃতিচারণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যকালে চুয়াডাঙ্গা-২ আসনের তিনবারের নির্বাচিত সংসদ সদস্য, আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে বাংলাদেশ আওয়ামী লীগের মনোনীত প্রার্থী, জননন্দিত জননেতা হাজি আলী আজগার টগর বলেন, ১৯৭১ সালে বঙ্গবন্ধুর ডাকে এ দেশের দামাল ছেলেরা জীবনের মায়া ত্যাগ করে ঝাপিয়ে পড়েছিল মুক্তিযুদ্ধে।

বীর মুক্তিযোদ্ধাদের আত্নত্যাগ ও ৩০ লক্ষ শহীদ ২ লক্ষ মা বোনের ইজ্জতের বিনিময়ে আমরা পেয়ে ছিলাম স্বাধীনতা। বিশ্ব মানচিত্রে লেখা হয়েছিলো বাংলাদেশের নাম।মুক্তিযোদ্ধাদের অবদানের কথা কখনই ভুলবার নয় তারা আমাদের গর্বিত সন্তান। কোন সরকারই

মুক্তিযোদ্ধাদের সম্নান দেয়নি হাসিনা সরকার এসে তাদের সম্নান দিয়েছে।তাই আসুন মুক্তিযোদ্ধের চেতনায় জাগ্রত হয়ে বঙ্গবন্ধুর সোনার বাংলাদেশ গড়ে তুলি।এ অনুষ্ঠানে যুদ্ধকালীন কমান্ডার বীর মুক্তিযোদ্ধা লিয়াকত আলীর সভাপতিত্বে সভায় বিশেষ অতিথির বক্তব্য দেন, মুক্তিযুদ্ধের সংগঠক এ্যাড শহিদুল ইসলাম, দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজি সহিদুল ইসলাম, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু, দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবু, দর্শনা পৌর আওয়ামী লীগের যুগ্নসম্পাদক গোলাম ফারুক আরিফ, ইউপি চেয়ারম্যান এসএএম জাকারিয়া আলম।

দর্শনা পৌর আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা রুস্তম আলীর উপস্থাপনায় বীর মুক্তিযোদ্ধাদের মধ্যে ছিলেন, তানজির আহমেদ, আ. খালেক, রেজাউল করিম সবুর, মুনসুর আলী, বদরুল আলম ফিট্রু, আব্দুর রশিদ, আওয়ামী লীগ নেতা শফিকুল আলম, দামুড়হুদা উপজেলা যুবলীগের সভাপতি আব্দুল হান্নান ছোট প্রমুখ।

চুয়াডাঙ্গায় প্রতিবন্ধী দিবস উপলক্ষে আলোচনা সভা ও হুইল চেয়ার বিতরণ

প্রতিবন্ধী ব্যক্তিদের সাথে সম্মিলিত অংশগ্রহণ, নিশ্চিত করবে এসডিজি অর্জন প্রতিপাদ্য চুয়াডাঙ্গায় আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস উপলক্ষে আলোচনা সভা ও হুইল চেয়ার বিতরণ করা হয়েছে।

আজ রবিবার সকাল এগারোটার সময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয়ে সম্মেলন কক্ষে জেলা প্রশাসন জেলা সমাজসেবা কার্যালয় প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের আয়োজনে দিবসটি যথাযোগ্য মর্যাদায় সাথে পালিত হয়।

আলোচনা সভায় চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক) নাজমুল হামিদ রেজার সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন

চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ

এ সময় তিনি বলেন, একজন সুস্থ সবল মানুষ যেমন বাংলাদেশের নাগরিক তেমনি একজন প্রতিবন্ধী ব্যক্তি সেও বাংলাদেশের নাগরিক।সব কিছুর পরিচয়ের মুলে সবাই আমারা মানুষ। সমাজে সামাজিক প্রতিবন্ধকতা বেশি। আমাদের সকলের প্রচেষ্টার মাধ্যমে আমরা সামাজিক প্রতিবন্ধকতা দূর করতে পারি। আমাদের মনে রাখা উচিত মানুষের নাগরিক অধিকার। সহানুভূতির চেয়েও বড় সত্য, রাষ্ট্রিয় নাগরিক অধিকার। কোনো বৈষম্য করার সুযোগ নেই। কাজেই মৌলিক অধিকার আদায় করে নেয়া অধিকার নিশ্চিত করা সকলের অধিকার

তিনি আরও বলেন, মাননীয় প্রধানমন্ত্রী বলেছেন সকলকে নিয়ে উন্নত স্মার্ট বাংলাদেশ গড়তে হবে। আমাদের মানসিক পরিচর্যা দরকার। দৃষ্টিভঙ্গির প্রতিবন্ধকতা দূর করতে না পারলে উন্নয়নকে অর্থবহ করে তুলতে পারবো না। কাউকে পিছনে রেখে সামনে এগোনো যাবে না।

৩২তম আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস এবং ২৫তম জাতীয় প্রতিবন্ধী দিবসের আলোচনা সভা শেষে প্রতিবন্ধীদের মাঝে হুইল চেয়ার প্রদান করা হয়।

আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান পিপিএম- সেবা, চুয়াডাঙ্গা সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ প্রফেসর মোঃ সিদ্দিকুর রহমান, চুয়াডাঙ্গা জেলা সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক সিদ্দিকা সোহেলী রশিদ, সহ জেলা প্রশাসন ও সমাজসেবার কর্মকর্তাবৃন্দ; সামাজিক ও রাজনৈতিক ব্যক্তিবর্গ সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

জীবননগরে আনন্দ মিছিল ও আলোচনা সভা অনুষ্ঠিত

আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে হাজী মোঃ আলী আজগার টগর চুয়াডাঙ্গা-২ (জীবননগর-দামুড়হুদা) আসন থেকে আওয়ামী লীগের মনোনয়ন পাওয়ায় জীবননগরে আনন্দ মিছিল, মোটরসাইকেল শোডাউন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার বিকাল সাড়ে ৩টার সময় জীবননগর পৌর আওয়ামী লীগ ও সহযোগী সংগঠনের নেতা-কর্মীরা জীবননগর উপজেলার হাসাদহ বাজার থেকে একটি আনন্দ মিছিল বের করেন।

মিছিলটি হাসাদহ বাজার থেকে শুরু হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে জীবননগর বাসষ্ট্রান্ড চত্বরে এসে শেষ হয়। এরপর জীবননগর মুক্ত মঞ্জে উপজেলা সদরে দলীয় নেতা-কর্মী ও বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের সাথে মতবিনিময় করেন এমপি টগর ।

এ সময় উপজেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি গোলাম মোতুজা,জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাফিজুর রহমান,দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনসুর বাবু,জীবননগর পৌর সভার মেয়র রফিকুল ইসলাম,দশনা পৌর সভার মেয়র আতিয়ার রহমান হাবু,জীবননগর পৌর আওয়ামীলীগের সাধারন সম্পাদক ও সাবেক মেয়র জাহাঙ্গীর আলম,উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আঃ সালাম ঈশা ,মনোহরপুরইউপি চেয়ারম্যান সোহরাব হোসেন খান,বাকা ইউপি চেয়ারম্যান আব্দুল কাদের প্রধান,উথলী ইউপি চেয়ারম্যান আব্দুল হান্নান,কে,ডি,কে ইউপি চেয়ারম্যান খাইরুল বাশার শিপলুসহ বিভিন্ন ইউনিয়নের নেতাকমিগন উপস্থিত ছিলেন।

জীবননগর উপজেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি গোলাম মোতুজা বলেন, ‘আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা পুনরায় চুয়াডাঙ্গা -২ আসনের যোগ্য প্রাথী হাজী আলী আজগার টগরকে দলীয় মনোনয়ন দেওয়ায় আমরা আনন্দিত। হাজী আলী আজগার টগর এই আসন থেকে যতবার নির্বাচন করেছেন, ততবারই বিপুল ভোটে জয়ী হয়েছেন। তাঁর বিপক্ষে যাঁরা নির্বাচন করেছেন, তাঁরা সবাই জামানাত হারিয়েছেন। আশা করছি আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে আলী আজগার টগরের বিপক্ষে এখানে কোনো দল থেকে কেউ প্রতিদ্বন্দ্বিতা করলে তিনিও জামানাত হারাবেন।’

চুয়াডাঙ্গা-২ আসনে আওয়ামীলীগের মনোনীত প্রাথী হাজী আলী আজগার টগর বলেন, ‘প্রধানমন্ত্রী শেখ হাসিনা আমাকে যোগ্য মনে করে আবারও মনোনয়ন দিয়েছে এ নিয়ে আমি পাচবার জাতীয় সংসদ সদস্য হিসাবে নির্বাচনে অংশগ্রহন করবো এর আগেও এই আসন থেকে আমি ৪বার বিজয় লাভ করেছি আশাকরি এবারও জয়লাভ করবো । তিনি আরও বলেন, ‘প্রধানমন্ত্রী শেখ হাসিনা ক্ষমতায় আশার পর তিনার দেওয়া নিদেশনা মতে আমি আমার এলাকায় ব্যাপক উন্নয়নমূলক কাজ করেছি এবং আগামি নিবাচনে নিবাচিত হয়ে আমার নিবাচনী এলাকায় যে সমস্থ উন্নয়নমূলক কাজ এখনও সমাপ্ত হয়নি সেগুলো সমাপ্ত করবো ।

আলমডাঙ্গায় দ্বাদশ সংসদ নির্বাচন উপলক্ষ্যে আলোচনা সভা অনুষ্ঠিত

আলমডাঙ্গায় আসন্ন দ্বাদশ সংসদ নির্বাচনকে ঘিরে মাঠ পর্যায়ে কর্মীসভা করার লক্ষ্যে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার সকাল সাড়ে ১০ টায় উপজেলা আওয়ামীলীগের দলীয় কার্যালয়ে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামীলীগের সভাপতি ও ১ আসনের সংসদ সদস্য সোলাইমান হক জোয়াদ্দার ছেলুন এমপি।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্ন ছিল সোনার বাংলাদেশ প্রতিষ্ঠা করা। তাঁর স্বপ্নকে বাস্তবায়নে তাঁরই সুযোগ্য কন্যা বর্তমান সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা নিরলস ভাবে কাজ করে যাচ্ছেন। দেশে উন্নয়নের অগ্রযাত্রা অব্যাহত থাকায় ইতিমধ্যে বাংলাদেশ মধ্যম আয়ের দেশে পরিণত হয়েছে। আগামী ২০৪১ সালে বাংলাদেশ উন্নত ও সমৃদ্ধ এবং স্মার্ট বাংলাদেশে পরিণত হবে।

তিনি আরো বলেন, ডিজিটাল বাংলার রূপকার প্রধানমন্ত্রী শেখ হাসিনা ইতোমধ্যে স্মার্ট বাংলাদেশের ঘোষণা দিয়েছেন। তিনি সফলও হবেন।

কারণ তিনি হচ্ছেন উন্নয়নের জাদুকর ও মানবতার মা। তাঁর হাত ধরেই এদেশ স্বল্পন্নোত দেশ থেকে মধ্যয়ের দেশে রূপান্তরিত হয়েছে। আগামী দিনের সকল চ্যালেঞ্জ মোকাবেলা করে দেশকে উন্নয়নের দিকে এগিয়ে নিয়ে যাবেন। আমরা মনে করি জাতীয় ও স্থানীয় পর্যায়ে সুষ্ঠু ও অবাধ নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠান শুধু প্রত্যাশা নয়, যে কোনো মূল্যে আগামী নির্বাচনকে সকল দলকে অংশগ্রহণের মাধ্যমে অবাধ ও নিরপেক্ষ নির্বাচন হিসেবে নিশ্চিত করতে হবে। আগামী জাতীয় নির্বাচনকে সামনে রেখে দলকে সাংগঠনিকভাবে মজবুত ও শক্তিশালী করতে হবে। খেয়াল রাখতে হবে কোনো কুচক্রি মহল আর যেন দলের কোন ক্ষতি করতে না পারে।

আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাবেক জেলা আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক মুন্সি আলমঙ্গীর হান্নান, বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক শহিদুল ইসলাম খাঁন, উপজেলা আওয়ামীলীগের সভাপতি আবু মুছা, সাধারণ সম্পাদক ইয়াকুব আলী মাস্টার, সাবেক উপজেলা আওয়ামীলীগের সহ-সভাপতি লিয়াকত আলী লিপু মোল্লা, প্রচার সম্পাদক মাসুদ রানা তুহিন, সাবেক সাংগঠনিক সম্পাদক কাজী অরুন, পৌর আওয়ামীলীগের সভাপতি দেলোয়ার হোসেন, সাংগঠনিক সম্পাদক সাইফুর রহমান পিন্টু, পৌর আওয়ামীলীগের সাবেক সাধারণ সম্পাদক সিরাজুল ইসলাম, কুমারি ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি আবু সাইদ পিন্টু, সাধারণ সম্পাদক আব্দুর রাজ্জাক, হারদি ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি আশিকুজ্জামান ওল্টু, বাড়াদি ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মকবুল হোসেন, সাধারণ সম্পাদক শহিদুল ইসলাম লাল্টু, জেহালা ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক হাসানুজ্জামান হান্নান মাস্টার, বেলগাছি ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মাহমুদুল হাসান চঞ্চল, ডাউকি ইউনিয়ন আওয়ামীলীগের (ভারপ্রাপ্ত) সভাপতি খবির উদ্দিন, সাধারণ সম্পাদক তরিকুল ইসলাম, (উৎপল,) ভাংবাড়িয়া ইউনিয়ন আওয়ামীলীগের যুগ্নসাধারণ সম্পাদক জিনারুল ইসলাম, নাগদাহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এজাজ ইমতিয়াজ বিপুল জোয়াদ্দার, উপজেলা ছাত্রলীগের সভাপতি সালমুন আহম্মেদ ডন, কলেজ ছাত্রলীগের সভাপতি আশরাফুল ইসলাম, যুবলীগ নেতা সৈকত খান, ছাত্রলীগ নেতা আশরাফুল হক, বাদশা,অটল প্রমূখ।

আলমডাঙ্গায় জাতীয় ইঁদুর নিধন অভিযান ও আলোচনা সভা

আলমডাঙ্গা উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উদ্যোগে জাতীয় ইঁদুর নিধন অফিযান- ২০২৩ উপলক্ষে আলোচনা সভা অনুষ্টিত হয়েছে।

‘ইঁদুরের দিন শেষ, গড়বে সোনার বাংলাদেশ ‘ এই শ্লোগানকে সামনে রেখে আজ সোমবার বেলা সাড়ে ১১ টার দিকে কৃষি অফিসের হলরুমে আলোচনা সভায় সভাপতিত্ব করেন উপজেলা কৃষি অফিসার রেহানা পারভীন।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত আছেন জেলা কৃষি সম্প্রসারণ অফিসের উপ-পরিচালক বিভাষ চন্দ্র রায়। তিনি বলেন- আপনারা জানেন ইঁদুর প্রতিবছর কত মেট্রিক টন ধান নষ্ট করে। সরকার ইঁদুর নিধন কল্পে পুরস্কার ঘোষণা করেছেন,আপনারা যদি ২শত থেকে ৫শত ইঁদুর মেরে তার লেজ কেটে কৃষি অফিসে জমা দেন তাহলে আপনাকে কৃষি সম্প্রসারণ অফিস থেকে পুরস্কৃত হবেন,শুধু তাই নয় জাতীয় পর্যায় থেকেও আপনি পুরস্কৃত হতে পারেন,তাই সরকারের সম্পদ বাঁচাতে সকল কৃষক, কৃষানী ইঁদুর নিধনে সামিল হবেন।

আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা কৃষি সম্প্রসারণ অফিসের অতিরিক্ত উপ-পরিচালক(উদ্যোন)মোমরাজ আলী, উপ-সহকারি কৃষি কর্মকর্তা আব্দুল ওয়াহরদ,খালিদ সাইফুল্লাহ, প্রেসক্লাবের সাধারণ সম্পাদক হামিদুল ইসলাম আজম, সিনিয়র সাংবাদিক প্রশান্ত বিশ্বাস, তানভীর সোহেল প্রমুখ।

এছাড়াও সভায় শতাধিক কৃষক, কৃষানী উপস্থিত ছিলেন।

মেহেরপুর জেলা জাতীয় পার্টি আলোচনা সভা

সাবেক রাষ্ট্রপতি হুসেইন মুহম্মদ এরশাদ প্রবর্তিত সকল উপজেলা পুনরায় মুন্সেফ কোর্ট চালু করতে হবে এই প্রতিপাদ্য সামনে রেখে

মেহেরপুর জেলা জাতীয় পার্টির আলোচনা সভার আয়োজন করে।

আজ সোমবার রাতে কাথুলি বাসস্ট্যান্ড সংলগ্ন জাতীয় পার্টি অস্থায়ী কার্যালয়ে আলোচনা সভার আয়োজন করা হয়।

মেহেরপুর জেলা জাতীয় পার্টি যুগ্ন আহবায়ক সহরাব হোসেনের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা জাতীয় পার্টি আহ্বায়ক ও কেন্দ্রীয় কমিটির সদস্য মোসলেম আলী।
বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা জাতীয় পার্টি যুগ্ন আহবায়ক আমিরুল ইসলাম।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন ওহাব আলী, নজরুল ইসলাম, বারেক আলী, লালচাঁদ আলী সহ বিভিন্ন নেতাকর্মীরা।

মেহেরপুর জেলা জাতীয় পার্টি আহ্বায়ক ও কেন্দ্রীয় কমিটির সদস্য মোসলেম আলী বলেন আজকে এই দিনে (২৩ অক্টোবর) আমাদের নেতা হুসেইন মুহম্মদ এরশাদ বাংলার বুকে উপজেলা প্রতিষ্ঠিত করেছিল বাংলার মেহনতি মানুষের জন্য বাংলার আপমর জনসাধারণের জন্য। আমার নেতার সরকারের আমলে আহানাহানি ছিলনা, মারামারি ছিলনা, হিংসা-বিদ্বেষ ছিলনা।

তিনি আরো বলেন হুসেইন মুহম্মদ এরশাদের আমলে উপজেলাতে বিচারিক আদালত ছিল। যে সরকারি আসুক আমাদের উপজেলা পদ্ধতি অবিলম্বে চালু করতে হবে। তা না হলে যে সরকারি আসুক উপজেলা পদ্ধতি যদি চালু না করে তাহলে আমরা আমরণ সংগ্রাম করব উপজেলা পরিষদ চালু করার জন্য।

কুষ্টিয়ার মিরপুরে শেখ রাসেল দিবসের আলোচনা সভা

মিরপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক কামারুল আরেফীন বলেছেন, শেখ রাসেল ছিলেন প্রাণচঞ্চল, বন্ধুবৎসল ও নির্মল ব্যক্তিত্বের অধিকারী। প্রতিটি শিশুর মাঝেই

শেখ রাসেল বেঁচে আছে এবং আজীবন বেঁচে থাকবেন।

বুধবার (১৮ অক্টোবর) সকালে মিরপুর উপজেলা প্রশাসনের আয়োজনে ও তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর মিরপুরের সহযোগিতায় শেখ রাসেল দিবস-২০২৩ উদযাপন উপলক্ষ্যে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

তিনি আরও বলেন, শেখ রাসেলের শিশুসুলভ অনন্য ব্যক্তিত্ব ভবিষ্যৎ প্রজন্মের শিশুদের মধ্যে ছড়িয়ে দিতে হবে।

উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) জহুরুল ইসলামের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন পৌরসভার মেয়র এনামুল হক, উপজেলা ভাইস চেয়ারম্যান আবুল কাশেম জোয়ার্দ্দার, উপজেলা কৃষি অফিসার আব্দুল্লাহ আল মামুন, উপজেলা সমাজ সেবা কর্মকর্তা জামসেদ আলী প্রমুখ।

‘শেখ রাসেল দীপ্তিময়, নির্ভীক নির্মল দুর্জয়’ এই প্রতিপাদ্যকে সামনে রেখে র্যালী বের করা হয়। এরআগে শেখ রাসেলের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়।

উল্লেখ্য, স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শহিদ শেখ রাসেলের ৬০তম জন্মদিন আজ। শিশু রাসেলের জীবন সম্পর্কে শিশু-কিশোরদের কাছে তুলে ধরতে তার জন্মদিনকে ‘শেখ রাসেল দিবস’ হিসেবে ঘোষণা করা হয়েছে। রাষ্ট্রীয়ভাবে তৃতীয় বারের মতো আজ পালিত হচ্ছে শেখ রাসেল দিবস। ১৯৬৪ সালের ১৮ অক্টোবর ধানমন্ডির ৩২ নম্বরের ঐতিহাসিক বাড়িতে রাত দেড়টায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ছোট ভাই শেখ রাসেল জন্মগ্রহণ করেন।

কোটচাঁদপুরে শারদীয় দুর্গাপূজা উপলক্ষে মতবিনিময় ও

আলোচনা সভা

“পুলিশই জনতা জনতাই পুলিশ”এই প্রতিপাদ্য শারদীয় দুর্গাপূজা উপলক্ষে ঝিনাইদহের কোটচাঁদপুর মডেল থানা পুলিশের আয়োজনে মতবিনিময় ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার (১৬ অক্টোবর) দুপুরে মডেল থানা চত্বরে এ মতবিনিময় ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন মডেল থানার অফিসার ইনর্চাজ সৈয়দ আল-মামুন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পৌর সভার মেয়র সহিদুজ্জামান সেলিম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শাহাজান আলী, বীর মুক্তি যোদ্ধা সাবেক কমান্ডার তাজুল ইসলাম, মডেল থানার তদন্ত (ওসি) জগন্নাথ চন্দ্র, পৌর পুলিশ ফাঁড়ির পরিদর্শক শাহাদাৎ হোসেন, পৌর আওয়ামী লীগের সভাপতি কাজী আলমগীর হোসেন, সাধারণ সম্পাদক রিপন মন্ডল, উপজেলা যুবলীগের আহ্বায়ক মীর মনিরুল আলম, বাংলাদেশ পূজা উদযাপন পরিষদ কোটচাঁদপুর শাখার সাধারণ সম্পাদক রবীন্দ্রনাথ রায়,পৌর কাউন্সিলর সুব্রত চক্রবর্তী প্রমুখ। সে সময় পুজা মন্তপে আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে ও করনীয় বিভিন্ন বিষয় নিয়ে গুরুত্বপূর্ণ আলোচনা করেন অতিথিরা। আলোচনা সভা পরিচালনা করেন মডেল থানার উপপরিদর্শক এস আই নাজিবুল হক।

এ সময় উপজেলার ৪৫ টি পুজা মন্ডপ পরিচালনা কমিটির সভাপতি-সম্পদক, সাংবাদিক সহ বিভিন্ন শ্রেনী পেশার মানুষ উপস্থিত ছিলেন।